# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে অসুস্থতায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মারা গিয়েছেন, সে অসুস্থতায় তিনি উম্মতকে রক্ত সম্পর্ক বজায় রাখার জন্য উৎসাহিত করেছেন

## ذِكْرُ حَثِّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَرَضِهِ الَّذِي قُبِضَ فِيهِ أُمَّتَهُ عَلَى صلة الرحم

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ عَنْ قَتَادَةَ: عَنْ أَنَسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قال في مرضه: (أرحامكم! أرحامكم! )

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 437 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

بَابُ صِلَةِ الرَّحِمِ وَقَطْعِهَا

রক্ত সম্পর্ক বজায় রাখা ও ছিন্ন করা

৪৩৭. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর অসুস্থতার সময় বলেছেন: “তোমরা তোমাদের রক্ত সম্পর্কের ব্যাপারে যত্নবান হবে। তোমরা তোমাদের রক্ত সম্পর্কের ব্যাপারে যত্নবান হবে।”[1]

ফুটনোট

[1] হাদীসটি জালালুদ্দিন আস সুয়ূতী ‘আল আমি‘উল কাবীর’ গ্রন্থে সংকলন করেছেন। এটিকে ইবনু হিব্বান ছাড়া অন্য কারো দিকে সম্পর্কিত করেননি।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৫৩৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88901

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন